



মোঃ মাকরুজ্জামান
সচিব (অঃ দাঃ)
বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
ওয়েব সাইটঃ www.mpa.gov.bd



“সংবাদ বিজ্ঞপ্তি”

“মোংলা বন্দরের উন্নয়ন কাজে মোংলা বন্দর কর্তৃপক্ষ ও খুলনা শিপইয়ার্ড লিমিটেড এর মধ্যে চুক্তি স্বাক্ষর”

আমাদানী-রপ্তানী কাজে নিয়োজিত বিদেশি জাহাজ মোংলা বন্দরের জেটিতে আরও নিরাপদ ও নির্বিঘ্নে বার্দিং করতে পারে সে লক্ষ্যে ৮,৫০,৭১,০০০ (আট কোটি পঞ্চাশ লক্ষ একাত্তর হাজার) টাকা ব্যয়ে মোংলা বন্দর কর্তৃপক্ষ ও খুলনা শিপইয়ার্ড লিমিটেড এর মধ্যে মোংলা বন্দরের ৭, ৮, ও ৯ নং জেটিতে Cell type rubber fender and D- type solid wing fender স্থাপনের চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়।

মোংলা বন্দর সভাকক্ষে ২৩ জানুয়ারী, ২০২২ তারিখ সকাল ৯.০০ ঘটিকায় চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোংলা বন্দর কর্তৃপক্ষের ভারপ্রাপ্ত চেয়ারম্যান কমডোর মোহাম্মদ আব্দুল ওয়াদুদ তরফদার, (সি), এনপিপি, পিএসসি, বিএন, খুলনা শিপইয়ার্ড লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক কমডোর এম সামছুল আজজি, (এল), এনজিপি, পিএসসি, বিএন, ক্যান্টেন এম ফিদা হাসান (ই), পিএসসি, বিএন, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, মোংলা বন্দরের কমান্ডার এ এফ এম জাহিদুর রহমান, প্রধান প্রকৌশলী (নৌ), মোঃ সিদ্দিকুর রহমান, প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা, শেখ শওকত আলী, প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ), লেঃ কমান্ডার আব্দুল্লাহ আল মেহেদী, প্রধান নিরাপত্তা কর্মকর্তা, মোঃ মোস্তফা কামাল, পরিচালক (ট্রাফিক) এবং অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

মোংলা বন্দরের ৭, ৮, ও ৯ নং জেটির রাবার ফেন্ডার সমূহ ১০ বছরের বেশী সময় পূর্বে লাগানো হয়েছে যার অধিকাংশ নষ্ট হয়ে গেছে। জেটিতে আগত বিদেশী জাহাজ সমূহ জেটিতে বার্দিং করার সময় বায়ডপশ ধনংড়ন করার সুবিধার্থে এবং মারাত্মক ভাবে ক্ষতিগ্রস্ত হওয়া থেকে রক্ষা করতে বর্ণিত ব্যবস্থা গ্রহণ করা হয়। এছাড়াও পূর্বে জেটিতে Steel Joist এর সামনে কাঠের লগ ব্যবহার করা হতো যা লাগালে কিছুদিন পর পচে নষ্ট হয়ে যেত এবং জাহাজের আঘাতে নিচে পড়ে যেত। এসকল সমস্যা সমাধানের জন্য কাঠের লগের পরিবর্তে D-type solid wing fender লাগানো এবং জেটিতে Cell type rubber fender পরিবর্তন Ges D- type solid wing fender স্থাপন করা হলে মোংলা বন্দরে জেটিতে আগত বিদেশী জাহাজ সমূহ নিরাপদে বার্দিং ও নির্গমন করতে পারবে।

উল্লেখ্য যে, খুলনা শীপইয়ার্ড লিঃ কর্তৃক পরিচালিত বাংলাদেশের একমাত্র বিশ্বমানের রাবার ফ্যাক্টরী থেকে উৎপাদিত পন্য ব্যবহারের মাধ্যমে গুণগত মান নিশ্চিত হওয়াসহ মোংলা বন্দর অনেক সাশ্রয়ী মূল্যে কাজটি করতে সক্ষম হবে।

স্বাক্ষরিত-
সচিব